দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 24 AUGUST 2025 , SUNDAY | ২৪ আগস্ট ২০২৫ , রবিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-372

## মানুষের কাছে চলো কর্মসূচিতে মেয়র



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৩ আগস্ট : শিলিগুড়ি পৌর নিগমের উদ্যোগে আয়োজিত মানুষের কাছে চলো কর্মসূচিতে অংশ নিলেন মেয়র গৌতম দেব। শনিবার পৌর নিগমের তেরো নম্বর ওয়ার্ডে এই কর্মসূচি আয়োজিত হয়। এই কর্মসূচিতে মেয়র ওয়ার্ডের বাড়ি বাড়ি যান ও বাসিন্দাদের সাথে কথা বলে তাদের ওয়ার্ডের সমস্যাগুলি সম্পর্কে অবহিত হন। বাসিন্দারা হাতের কাছে সপার্ষদ মেয়র কে পেয়ে মন খুলে তাদের সমস্যার কথা বলেন। মেয়র সমস্যা সমাধানে দ্রুত উদ্যোগ নেওয়া হবে বলে বাসিন্দাদের আশ্বস্ত করেন। মেয়রের সাথে ছিলেন ডেপুটি মেয়র রঞ্জন সরকার সহ মেয়র পারিষদগন ও কাউন্সিলর গন।

## প্রবীন নাগরিকদের জন্য হাসপাতালে পরিষেবা চালু হবে দুদিন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট : শুধুমাত্র প্রবীণ নাগরিকদের জন্য প্রতি মাসের চতুর্থ শনিবার করে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে আউটডোর পরিষেবা চালু করেছিল রোগী কল্যান সমিতি। গত তিনমাস আগে শুরু হয় ওই পরিষেবা। ইতিমধ্যেই ওই রোগী পরিষেবা জনপ্রিয় হয়ে উঠেছে। শুধুমাত্র আলিপুরদুয়ারই নয় পাশ্ববর্তী জেলা কোচবিহার থেকেও প্রবীণ নাগরিকরা ওই চিকিৎসা পরিষেবার সুযোগ নিতে শুরু করেছেন। বিষয়টির গুরুত্ব বিবেচনা করে ওই প্রবীণ নাগরিকদের জন্য চিকিৎসা পরিষেবা মাসে দু'দিন করে দেওয়ার পরিকল্পনা নিয়েছে আলিপুরদুয়ার জেলা হাসপাতাল কর্তৃপক্ষ। শনিবার ওই প্রবীণ নাগরিকদের জন্য বিশেষ আউটডোরে রোগীদের সংখ্যা উপচে পড়ায় তাঁদের জন্য মাসের কমপক্ষে দুটিদিন বরাদ্দ করার পরিকল্পনার কথা জানান জেলা হাসপাতালের রোগী কল্যান সমিতির চেয়ারম্যান ও আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল। তিনি বলেন 'প্রবীণ নাগরিকদের পক্ষে ঘন্টার পর ঘন্টা লাইনে দাঁড়িয়ে চিকিৎসা পরিষেবা নেওয়া খুবই কষ্টসাধ্য বিষয়। তাই আমরা মাসের দুটি দিন তাঁদের জন্য বিশেষ আউটডোর পরিষেবা চালু করার পরিকল্পনা নিয়েছি। এছাড়াও ২৩ কোটি টাকা ব্যায়ে জেলা হাসপাতালের আধুনিক সিসিইউ তৈরির কাজও ৮০ শতাংশ হয়ে গিয়েছে।'

## পাচারের পথে উদ্ধার কুড়ি লক্ষ টাকার বার্মা টিক কাঠ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৩ আগস্ট : বন দপ্তরের বক্সা ব্যাঘ্র প্রকল্প পূর্ব বিভাগের ভল্কা রেঞ্জের কর্মীরা শনিবার সকালে গোপন সুত্রে খবর পান অসম থেকে চা পাতার বস্তার আড়ালে লুকিয়ে একটি কন্টেনারে করে উত্তরপ্রদেশে পাচার করা হচ্ছে বহুমূল্য বার্মা টিক কাঠ। খবর পেয়ে ভল্কা রেঞ্জের রেঞ্জার এর নেতৃত্বে বন কর্মীরা সাতাশ নম্বর জাতীয় সড়কে ওঁত পাতেন। অসম বাংলা সীমানা পেরিয়ে উত্তর প্রদেশের রেজিস্ট্রেশন নম্বর যুক্ত কন্টেনারটি বারোবিশা শান্তিবন রিসর্টের কাছে আসতেই বন কর্মীরা কন্টেনারটিকে আটক করে তল্লাশী চালান। কন্টেনারে বোঝাই বেশ কয়েকটি চা পাতার বস্তা সরাতেই বেরিয়ে আসে বহুমূল্য বার্মা টিক কাঠ। বন কর্মীরা যখন তল্লাশীতে ব্যাস্ত সে সময় সুযোগ বুঝে কন্টেনার এর চালক ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। বন কর্মীরা কাঠ সহ কন্টেনারটিকে ভল্কা রেঞ্জ অফিসে নিয়ে আসেন। রেঞ্জার প্রভাত বরম্মন জানান কাঠ সহ কন্টেনারটিকে বাজেয়াপ্ত করা হয়েছে। উদ্ধার করা হয়েছে ছশো ঘন ফুট বহুমুল্য বার্মা টিক কাঠ যার বাজার মূল্য আনুমানিক কুড়ি লক্ষ টাকা। পলাতক চালকের খোঁজে তল্লাশী চলছে বলেও জানান রেঞ্জার।

## উৎসর্গ কর্মসূচি অনুসারে রক্তদান শিবির



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ২৩ আগস্ট : কোচবিহার জেলা পুলিশের ঘোকসাডাঙ্গা ট্রাফিক গার্ডের উদ্যোগে শনিবার ঘোকসাডাঙ্গা থানা চত্বরে আয়োজিত হয় এক স্বেচ্ছা রক্তদান শিবির। এদিন শিবিরের উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। এদিন পুলিশ সুপার নিজেও রক্তদান করে তার পঞ্চাশতম রক্তদান সম্পূর্ণ করেন। পুলিশ কর্মী ও এলাকার সাধারন মানুষ এদিনের শিবিরে চুয়ান্ন ইউনিট রক্ত দান করেন। পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য জানান রক্তের সংকট দূরীকরণের লক্ষ্যে কোচবিহার জেলা পুলিশ নিরবচ্ছিন্ন ভাবে কাজ করে যাচ্ছে। প্রতিমাসেই জেলার কোনোনা কোনো থানা অথবা ট্রাফিক গার্ড দ্বারা আয়োজিত হচ্ছে রক্তদান শিবির। এদিনের শিবিরে উপস্থিত ছিলেন মাথাভাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার সন্দীপ গড়াই সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন।

# বিজ্ঞানের যুগেও অগ্নিবান প্রতিরোধ করলেন কবিরাজ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট : বিজ্ঞানের যুগেও কবিরাজে বিশ্বাসী পরিবার। ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ বোরাগাড়ি এলাকায় দুর্লভ বিশ্বাসের বাড়িতে আগুন লাগার ঘটনায় কবিরাজ ডেকে আনা হয়েছে বলরামপুর থেকে। কবিরাজ এসে পূজা পার্বণ শুরু করেছে এমনটাই জানা গেছে শনিবার বিকেল চারটে নাগাদ। পাঁচ বছরের জন্য বাড়িতে আর আগুন লাগবেনা বলে দিলেন কবিরাজ। গতকাল শুক্রবার থেকে দুর্লভ বিশ্বাসের বাড়িতে প্রতি ঘন্টায় আগুন লাগছে বাড়ির যেখানে সেখানে। এমনকি বাড়ির একমাত্র গৃহবধূর শাড়িতেও জ্বলে উঠছে আগুন যখন তখন। রীতিমতো আতঙ্কে অসুস্থ হয়ে পড়েছেন দুর্লভ বিশ্বাস। শনিবার দুপুরে বলরামপুর থেকে কবিরাজ ডেকে এনে বাড়ির শুদ্ধিকরণ করা হয়েছে। বাড়ির বিভিন্ন প্রান্তে গর্ত করে পূজা সামগ্রী পুঁতে দেওয়া হয়েছে। এদিন বেলা একটা নাগাদ দুর্লভ বিশ্বাসের বাড়িতে গিয়ে দেখা গেল এলাকার বাসিন্দারা ভিড় জমিয়েছেন কবিরাজের পূজা দেখার জন্য। যদিও কবিরাজ জানিয়েছেন তিনি প্রায় ২৫ বছর যাবত এই কবিরাজি করেন। কবিরাজির পাশাপাশি দীক্ষাগুরু হিসেবে কাজ করছেন অনেকদিন থেকেই। যদিও এলাকার অনেকেই বলছেন এই বিজ্ঞানের যুগেও কি এসব বিশ্বাস করা যায় ?

# গাড়ী ধুতে গিয়ে গাড়ী নিয়ে পালালো যুবক




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট : আলিপুরদুয়ার ভোলার ডাবরি এলাকার এক গাড়ির মালিকের গাড়ি ধোয়ার নাম করে গাড়ি নিয়ে পালিয়ে যায় সন্দীব বিশ্বাস ওরফে মুন্না নামে এক যুবক। এমনটাই জানা গেছে গাড়ির মালিকের কাছ থেকে শনিবার বিকেল চারটে নাগাদ। গত বুধবার বাড়ির গ্যারেজ থেকে গাড়ি বের করে ধোয়ার জন্য। এরপর থেকেই তার আর কোন খোঁজ খবর নেই। মুন্নার কোন বাড়িঘর নেই গাড়ির মালিকের বাড়িতেই দুবেলা খায়। মুন্না অনেকটাই মানসিক ভারসাম্যহীন এমনটাই জানিয়েছেন গাড়ির মালিক। বিষয়টি নিয়ে পুলিশের কাছে অভিযোগ দায়ের হয়েছে।

# আলিপুরদুয়ার শহরে কংগ্রেসের অনশন কর্মসূচি দ্বিতীয় দিনে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট : আলিপুরদুয়ার শহরে জাতীয় কংগ্রেসের অনশন কর্মসূচি আজ দ্বিতীয় দিনে পড়ল। আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পরিবেশ গত ও পরিকাঠামো গত উন্নতির দাবিতে গতকাল থেকে  জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে আমরণ অনশন কর্মসূচি পালন করা হচ্ছে।আলিপুরদুয়ার চৌপথী এলাকায় জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে আমরণ অনশন কর্মসূচি শুরু করা হয়।এই বিষয়ে কংগ্রেস নেতা  জানান আলিপুরদুয়ার জেলা হাসপাতালে দুর্নীতির বিরুদ্ধে ও পরিকাঠামো উন্নয়নের দাবিতে দীর্ঘদিন থেকে আমরা আন্দোলন চালিয়ে যাচ্ছি। এখন পর্যন্ত কোনো প্রশাসনিক আধিকারিক তাদের সঙ্গে যোগাযোগ করেনি।



# দক্ষিণ মজিদখানায় আইসিডিএস কেন্দ্রে চুরি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট : আলিপুরদুয়ার দুই ব্লকের দক্ষিণ মজিদখানা গ্রামের ৬৫ নম্বর অঙ্গন ওয়ারী কেন্দ্রে শুক্রবার রাতে দরজার তালা ভেঙে চুরির ঘটনা ঘটলো। এমনটাই দেখা গেল ওই কেন্দ্রে গিয়ে শনিবার বেলা সাড়ে দশটা নাগাদ। চাল, ডাল ডিম, আনাজ, সরিষার তেল সহ বিভিন্ন সামগ্রী চুরি করে নিয়ে পালালো দুষ্কৃতীরা। এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে ওই গ্রামে। গ্রামবাসীদের অভিযোগ ওই অঙ্গওনারী কেন্দ্রটি দীর্ঘদিন ধরে বেহাল। ঘরের চাল দিয়ে জল পড়ে দরজা-জানলা সবই নড়বড়ে অবস্থা। গত কয়েক বছর ধরে অঙ্গওনারী কেন্দ্র টি মেরামত করার দাবি করা হলেও সেটি মেরামত করার কোন উদ্যোগ না হয়নি বলে অভিযোগ তাদের।

# ঋণের দায় মেটাতে চুরি করলো ঘর জামাই



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট : ধলপল থেকে গ্রেপ্তার মুন্না গাজীকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠিয়েছে ভাটিবাড়ী ফাঁড়ির পুলিশ শনিবার বেলা দুইটা নাগাদ। গত বুধবার শামুকতলা থানার উত্তর মসজিদ থানা এলাকার এক টোটো চালকের টোটো ভাড়া নিয়ে মাঝপথে টোটো নিয়ে পালিয়ে যায় কোচবিহার জেলার ধলপল এলাকার ঘর জামাই মুন্না গাজী। বুধবার দুপুরেই ভাটিবাড়ী ফাঁড়িতে পুলিশের কাছে অভিযোগ দায়ের হওয়ার পরেই ভাটিবাড়ি ফাঁড়ির ওসি দীপায়ন সরকার তদন্ত শুরু করে। সিসিটিভির ফুটেজ দেখে চোরকে শনাক্ত করে পুলিশ। শুক্রবার দুপুরে ধলপল এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। শনিবার তাকে আদালতে পাঠিয়েছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে বিভিন্ন অপরাধের সঙ্গে জড়িত মুন্না গাজী। বাড়ি উত্তরপ্রদেশে হলেও তিনি ধলপল এলাকায় ঘর জামাই হিসেবে রয়েছেন। ৫০ থেকে ৬০ হাজার টাকা তার দরকার কিন্তু কি করবে সেই টাকা দিয়ে তা নিয়ে মুখ খুলতে রাজি নয় মুন্না গাজী। টাকার প্রয়োজনেই মুন্না টোটো চুরি করেছে। পুলিশের কাছে এমনটাই জানিয়েছে মুন্না গাজী। তবে ভাটি বাড়ি এলাকা থেকেই জানা গেছে ধলপলের পাশাপাশি এলাকা ভাটিবাড়ি বাজার। ভাটিবাড়ী এলাকায় তার কাছে অনেকেই টাকা পান। তাছাড়া তিনি নেশা হিসেবে প্রতিনিয়ত কফ সিরাপ পান করেন। যদিও ভাটিবাড়ী ফাঁড়ির ওসি দীপায়ন সরকার জানিয়েছেন বিভিন্ন অপরাধের সঙ্গে জড়িত রয়েছে মুন্না গাজী। তার সঙ্গে আরও অন্য কেউ জড়িত রয়েছে কিনা তা নিয়ে তদন্ত শুরু হয়েছে পুলিশের।

# উদ্ধার দুহাজার বোতল অবৈধ কফ সিরাপ, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ২৩ আগস্ট : কোচবিহার জেলা পুলিশের সিতাই থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শুক্রবার রাতে থানা এলাকার দক্ষিন বালাপুকুরির চামটা গ্রামে একটি বাড়িতে অভিযান চালিয়ে উদ্ধার করে দুহাজার বোতল অবৈধ কফ সিরাপ। তাহের মিঞা নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার হয়। অভিযোগ তাহের মিঞা নিষিদ্ধ কফ সিরাপের কারবার দীর্ঘদিন ধরে চালাচ্ছিলো। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়। পুলিশ সূত্রে জানানো হয় অবৈধ কফ সিরাপ উদ্ধার সহ তাহের মিঞার গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। এত অবৈধ কফ সিরাপ ধৃত ব্যক্তি কোথা থেকে কিভাবে পেয়েছে এবং কোথায় কার কাছে এগুলো সরবরাহ করতো সেসব বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

# চা বাগান থেকে খাঁচা বন্দী চিতা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট : ফের ডুয়ার্সের চা বাগান থেকে উদ্ধার চিতাবাঘ। আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের চুয়াপাড়া চা বাগান থেকে এই চিতাবাঘটিকে উদ্ধার করে বনদপ্তর। জানা গেছে দীর্ঘদিন ধরে চা-বাগানের চিতাবাঘের আতঙ্ক চলছিল, চা বাগানে কাজ করার সময় বেশ কয়েকজন শ্রমিক মহিলাকে আক্রমণ করেছিল চিতাবাঘ। পরবর্তীতে বনদপ্তরের তরফে চা বাগানের ৬ নাম্বার সেকশনে খাঁচা পাতা হয়। গতকাল রাতে সেই খাঁচায় বন্দি হয় একটি চিতাবাঘ। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে খাঁচাবন্দি চিতা বাঘ উদ্ধার করে বক্সা টাইগার রিজার্ভের বনকর্মী ও আধিকারিকরা। জানা গিয়েছে চিতাবাটিকে পূর্ণবয়স্ক পুরুষ চিতা বাঘ ছিল, পরবর্তীতে চিতাবাঘটিকে গভীর জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে বলে বনদপ্তর সূত্রে খবর।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |